

### ওমরাহ লাইসেন্স নবায়ন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় হজ ও ওমরাহ নীতি-১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর অনুচ্ছেদ নং- ২১.২.১ এবং অনুচ্ছেদ নং-২২.৪ এ নিম্নরূপ নির্দেশনা রয়েছে:


“সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সিকে ওমরাহ পালনে ইচ্ছুকদের গ্রুপ ভিত্তিক/এককভাবে বাংলাদেশ থেকে সৌদি আরবে প্রেরণ, মদিনা শরীফে আবাসন, খাওয়া ও সার্বক্ষণিক গাইডের ব্যবস্থা (প্যাকেজ ট্যুর) এবং অন্যান্য আনুষঙ্গিক কার্যাদিসহ ওমরাহ পালন শেষে দেশে প্রত্যাবর্তনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রতিটি গ্রুপ/একক সৌদি আরব যাওয়ার আগে এবং সৌদি আরব থেকে বাংলাদেশে ফেরত আসার বিষয়ে প্রমাণ সংক্রান্ত তথ্যাদি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, ঢাকা ও মক্কাহু বাংলাদেশ হজ অফিসে দাখিল করতে হবে”

“এ এজেন্সিসমূহের পূর্ববর্তী বছরসমূহের কার্যক্রম, সেবার মানসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি প্রমাণকসহ মন্ত্রণালয়ে দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট প্রমাণপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সরকারের সন্তুষ্টি সাপেক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক হজ ও ওমরাহ লাইসেন্স নবায়ন করা হবে” মর্মে নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, যে সকল ওমরাহ এজেন্সির নবায়ন সংক্রান্ত কাগজপত্রাদি ইতোমধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করেছেন এবং পরবর্তীতে করবেন তাদের পূর্ববর্তী ৩ বছরের কার্যক্রম, সেবার মানসহ হজযাত্রীদের বাংলাদেশে ফেরত সংক্রান্ত তথ্যাদি এজেন্সির প্যাডে উল্লেখ করত: (প্রমাণকসহ) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (দৃ:আ: উপ-সচিব (হজ) বরাবর আগামী ৩ (তিন) দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত কাগজপত্রাদি প্রাপ্তি সাপেক্ষে ওমরাহ এজেন্সিসমূহের লাইসেন্স নবায়ন করা হবে।

২। বিষয়টি অতীব জরুরী।

তারিখঃ ২৪.১০.২০১৭ খ্রিঃ



এস.এম. মনিরুজ্জামান  
সহকারী সচিব (হজ-২)  
ফোন: ৯৫৮৫২০০।  
e-mail: morahajsection@gmail.com


সভাপতি/মহাসচিব  
হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)  
নয়াপল্টন, ঢাকা।

নং- ১৬.০০.০০০০.০০৩.৩৩.১৯২.১৭-১৪৩৬

তারিখঃ ২৪/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হল:-

- ১। মাননীয় মন্ত্রী একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি [www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। যুগ্মসচিব (হজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার..... এজেন্সী ১৪৩৯ হিজরি (২০১৭-২০১৮ খ্রি. সনের ওমরাহ মৌসুমে ওমরাহ কার্যক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট সকল এজেন্সী)।



এস.এম. মনিরুজ্জামান  
সহকারী সচিব (হজ-২)